

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।

স্মারক নং- ১২.০২.১০৩৩.০০০.০০৩.১৮.০০০৫.২৫. ৯২৮(২২)

তারিখঃ ১৮/১১/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ২। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৩। উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৬। উপজেলা প্রকৌশলী, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৭। উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৮। উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল) দুপচাঁচিয়া, বগুড়া।

আগামী ২৪/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বরাদ্দকৃত রবি/২০২৫-২৬ অর্থ বছরে কৃষি প্রণোদনা (বোরো হাইব্রিড) কর্মসূচি মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের তালিকা (মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র ও কৃষি উপকরণ সহায়তা কার্ড নম্বরসহ) নিম্নে স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মুহাম্মদ সাইফুল্লাহ আবেদীন)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।


১৮/১১/২০২৫

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার রেজুলেশন
স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া।

তারিখঃ ২৮/০২/২০২৫ খ্রিঃ

সনঃ ১২,০০ হাজিরা

ক্রমিক নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	স্বাক্ষর
১	উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সভাপতি	স্বাক্ষরিত
২	উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	উপজেলা মৎস্য অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
৭	উপজেলা কৃষি অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অধ্যকার সভা উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া মহোদয়ের সভাপতিত্বে আয়োজিত করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা কৃষি অফিসারকে সভা পরিচালনার দায়িত্ব প্রদান করেন। উপজেলা কৃষি অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় এ সভায় তা অনুমোদন প্রদান করেন।

অধ্যকার সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, ডিডি, ডিএই, বগুড়া মহোদয়ের স্মারক নং- ৩৬৩৫(৪১) তারিখঃ ০৯/১১/২০২৫ খ্রিঃ মোতাবেক অত্র উপজেলায় বোরো (হাইব্রিড) চাষাবাদের বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে নিম্নে উল্লেখিত পরিমাণ বোরো (হাইব্রিড) প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া গেছে।


উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদস্যদের সম্মতিক্রমে আবাদি জমি এবং ফসল চাষের উপযোগীতার ভিত্তিতে ইউনিয়ন/পৌরসভাওয়ারী নিম্নে উল্লেখিত পরিমাণ কর্মসূচী অনুমোদন দেয়া হয়।

ক্রঃ নং	ইউনিয়ন/পৌরসভার নাম	বোরো (হাইব্রিড)	মোট	মন্তব্য
০১	দুপচাঁচিয়া পৌরসভা	২০	২০	
০২	তালোড়া পৌরসভা	১৫	১৫	
০৩	জিয়ানগর	২০	২০	
০৪	চামরুল	২০	২০	
০৫	দুপচাঁচিয়া সদর	২০	২০	
০৬	শুনাহার	২০	২০	
০৭	গোবিন্দপুর	২০	২০	
০৮	তালোড়া	১৫	১৫	
		মোট=	১৫০ জন	

সভায় রবি/২০২৫-২৬ মৌসুমে বোরো (হাইব্রিড) আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রাপ্ত প্রণোদনা কর্মসূচী সূত্রভাবে বাস্তবায়ন সম্পর্কে বিষদভাবে আলোচনা করা হয় এবং কর্মসূচীর শর্তাবলী ও বাস্তবায়ন নীতিমালা/পদ্ধতির আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহীত হয়।

- ১। বোরো (হাইব্রিড) বৃদ্ধির লক্ষ্যে ০১ জন কৃষক ১ বিঘা জমির জন্যে ০২ কেজি বীজ পাবেন।
- ২। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা অস্থায়ীকার তালিকা প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। উক্ত কমিটি তালিকা যাচাই বাছাই করে অনুমোদন প্রদান করবেন।
- ৩। অনুমোদিত কৃষক তালিকা মোতাবেক মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষকের ছবিসহ স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার প্রতিস্বাক্ষর করবেন।
- ৪। উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচীর জন্য মনোনীত প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজ ছবিযুক্ত কৃষি উপকরণ কার্ডের ভুক্তি অংশে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন।
- ৫। এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেননা হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবেন।
- ৬। উক্ত কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগিতা গ্রহণ করতে হবে।

ইউনিয়ন/পৌরসভাভিত্তিক প্রণীত কর্মসূচীর সফল বাস্তবায়নকল্পে সভাপতি মহোদয় কমিটির সদস্যগণের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শাহরুখ খান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
দুপচাঁচিয়া, বগুড়া।